

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

নং- ০২/মুসক/২০১৫

তারিখঃ ২৩চেত্র, ১৪২১ বঙ্গাব্দ/০৬এপ্রিল, ২০১৫ খ্রিস্টাব্দ।

যেহেতু State Credit Loan Agreement এর আওতার সেনাবাহিনীর আধুনিকায়নে মিলিটারী সরঞ্জাম সংগ্রহের নিমিত্তে রাশিয়া সরকারের সাথে বাংলাদেশ সরকারের একটি কল চুক্তি স্বাক্ষরিত হইয়াছে এবং চুক্তি অনুযায়ী বাংলাদেশ সরকার অর্থী অর্থ পরিশোধের জন্য পূর্ণ চুক্তি মূল্যের উপর সোনালী ব্যাংকের মাধ্যমে ঝণপত্র (LC) খুলিবে এবং যে সরঞ্জামালি সরবরাহ করা হইবে উহার অর্থী বাবদ ১০% মূল্য রাশিয়া সরকারকে প্রদান করিতে হইবে মর্মে চুক্তিতে উল্লেখ রহিয়াছে; এবং

যেহেতু সরকারের স্বাক্ষরিত চুক্তির Article-6 এর প্যারা-২ অনুযায়ী আলোচ্য ক্রয়ে সকল প্রকার কর অব্যাহতি প্রদান করার শর্ত রহিয়াছে এবং মূল চুক্তির শর্তানুযায়ী গত ১১ নভেম্বর, ২০১৩ তারিখে একটি আন্ত: ব্যাংক চুক্তি স্বাক্ষরিত হইয়াছে ও উক্ত আন্ত: ব্যাংক চুক্তির Article-9.2 মোতাবেক চুক্তি সংশ্লিষ্ট সকল প্রকার কমিশন/ক্রি/কর/বে কোন প্রকার চার্জ প্রযোজ্য হইবেনা মর্মে উল্লেখ রহিয়াছে; এবং

যেহেতু মূল চুক্তি অনুযায়ী চুক্তি মূল্যের ৯০% অর্থ রাশিয়া সরকার সরাসরি সংশ্লিষ্ট মিলিটারী সরঞ্জাম সরবরাহকারী প্রতিষ্ঠানকে প্রদান করিবে এবং অবশিষ্ট ১০% অর্থী হিসেবে বাংলাদেশ সরকারকে ঝণপত্রের (LC) মাধ্যমে রাশিয়া সরকারকে পরিশোধ করিতে হইবে মর্মে উল্লেখ রহিয়াছে এবং আলোচ্য ক্রয়ে এলসির উপর আরোপিত কমিশন/মুসক/ট্যাক্স বাবদ কোন অর্থ বাংলাদেশ সেনাবাহিনীকে বরাদ্দ করা হয়নি;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, জনবার্থের উকুত্ত বিবেচনার মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪(১ক) এর প্রদত্ত ক্ষমতাবলে, আলোচ্য ক্ষেত্রে সোনালী ব্যাংকের মাধ্যমে হাপিত এলসি কমিশনের উপর প্রযোজ্য সমূদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/ ০৬/০৪/২০১৫

(মোহাম্মদ ফাইজুর রহমান)

প্রথম সচিব (মুসক-অব্যাহতি)

প্রাপক :

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

তাঁহাকে উল্লিখিত আদেশ এর ৩০০(তিনশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

নথি নং- ০৮.০১.০০০০.০৬৯.০২.০১৭.১৪/২০৮(২২)

তারিখঃ ০৬/০৪/২০১৫খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো : (জ্যোত্তর অমানুসারে নয়)

- ১। লেং কর্ণেল, পক্ষে এমজিও শাখা, অর্ডন্যাঙ্গ পরিদণ্ডের, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ২-১৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/খুলনা/ঘুশোর/সিলেট/রাজশাহী/কুমিল্লা/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মুসক) ঢাকা।
- ১৪-১৮। কমিশনার, শুল্ক ভবন, ঢাকা/ চট্টগ্রাম/ মংলা/বেনাপোল/পানগাঁও/আইসিডি (কমলাপুর)।
- ১৯। মহাপরিচালক, মুসক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদণ্ডের, ৬৯, গুলফেঁশা প্লাজা, বড় মগবাজার, ঢাকা-১২১৭।
- ২০। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের নিমিত্ত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
- ২১। মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ।

(মোহাম্মদ আরিফুল ইসলাম)

মিতীয় সচিব (মুসক)

(আন্তর্জাতিক সম্পর্ক ও কূটনৈতিক অব্যাহতি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৮১১